



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়



কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

ফোনঃ ০২৩৩৪৪০৫৯৮৮ (ডিগ্রি শাখা); ৬৫২৪৫ (উচ্চমাধ্যমিক শাখা)
ফ্যাক্স : ৮৮-০৮১-৭১১৬১; ই-মেইল : principal@cvgc.edu.bd ওয়েব সাইট : www.cvgc.edu.bd
Facebook Page: <https://www.facebook.com/cvgc.edu.bd>

স্থাপিত - ১৮৯৯

তারিখ : ১৫/০৬/২০২৫ খ্রি.


বিজ্ঞপ্তি

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের সকল শিক্ষক-কর্মকর্তা, শিক্ষার্থী ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি বিশ্বব্যাপী করোনা মহামারির প্রাদুর্ভাব পরিলক্ষিত হচ্ছে। এ প্রেক্ষিতে কলেজের স্বাভাবিক কার্যক্রম সুরক্ষিত রাখতে এবং সকলের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে নিম্নোক্ত স্বাস্থ্যবিধিগুলো মেনে চলার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো:

করণীয় বিষয়সমূহ:

১. কলেজ ক্যাম্পাসে সার্বক্ষণিক সঠিকভাবে নাক ও মুখ ঢেকে মাস্ক পরা আবশ্যিক।
২. নির্দিষ্ট সময় পর পর সাবান-পানি দিয়ে হাত ধুতে হবে এবং হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে।
৩. কলেজ চত্বরে অপ্রয়োজনীয় ভিড় ও জটলা পরিহার করতে হবে।
৪. হাঁচি বা কাশির সময় টিস্যু দিয়ে মুখ ও নাক ঢাকতে হবে। ব্যবহৃত টিস্যু ঢাকনায়ুক্ত ডাস্টবিনে ফেলতে হবে।
৫. জ্বর, সর্দি ও কাশি বা করোনার কোন উপসর্গ দেখা দিলে তাৎক্ষণিকভাবে কর্তৃপক্ষকে/বিভাগীয় প্রধানকে জানাতে হবে, কলেজে আসা থেকে বিরত থাকতে হবে এবং অবিলম্বে চিকিৎসকের পরামর্শ গ্রহণ করতে হবে।

কলেজের সার্বিক স্বার্থে এবং সকলের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে উপরে উল্লিখিত স্বাস্থ্যবিধিসমূহ পালনে সকলের আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।


প্রফেসর মোঃ আবুল বাসার ভূঞা (৭৬৩২)

অধ্যক্ষ

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ
কুমিল্লা

বিতরণ:

- ০১। উপাধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০২। সকল বিভাগীয় প্রধান, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৩। আহ্বায়ক, এ.পি.এ কমিটি, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৪। সম্পাদক, শিক্ষক পরিষদ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৫। তত্ত্বাবধায়ক, সকল হোস্টেল, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৬। আহ্বায়ক, পরিবহন পরিচালনা কমিটি, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৭। একাডেমিক কাউন্সিল ফেসবুক পেইজ/শিক্ষক পরিষদ ফেসবুক পেইজ/কলেজ ওয়েবসাইট
- ০৮। সংরক্ষণ নথি